নারায়ণগঞ্জে মসজিদে বিস্ফোরণ: মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩১

চেম্বার ডেস্ক:: নারায়ণগঞ্জে মসজিদে বিস্ফোরণে দগ্ধ আরও তিন জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে প্রাণ গেলো ৩১ জনের। কিন্তু এখনও বিস্ফোরণের চূড়ান্ত কারণ জানা যায়নি। নির্ধারিত সময়ে প্রতিবেদন জমা দিতে পারেনি নারায়ণগঞ্জ জেলা প্রশাসক কমিটি। এছাড়া আজ তিতাস, ডিপিডিসি’র প্রতিবেদন জমা দেয়ার কথা থাকলেও, রিপোর্ট চূড়ান্ত করতে পারেনি তদন্ত কমিটি।

নিহত আব্দুস সাত্তারের ৭০ ভাগ পুড়ে গিয়েছিল। এখনও আইসিইউতে ভর্তি আছেন ৫ জন। তারা হলেন- শেখ ফরিদ, কেনান, নজরুল ইসলাম, রিফাত, আব্দুল আজিজ ও আমজাদ। চিকিৎসাধীন প্রত্যেকের অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন ডা. সামন্ত লাল সেন।

হাসপাতাল পরিদর্শন করে প্রধানমন্ত্রীর পক্ষ থেকে প্রেরিত চিকিৎসক জুলফিকার লেলিন জানান, চিকিৎসাধীন সবার সব খরচ বহন করছে সরকার।

এদিকে, মসজিদে বিস্ফোরণের ঘটনায় আজ তিতাসের ব্যবস্থাপনা পরিচালকের কাছে প্রতিবেদন জমা দেয়ার কথা ছিলো তদন্ত কমিটির। কিন্তু আরও সাতদিন সময় চেয়েছে কমিটি।